দর্শনার ঈশ্বরচন্দ্রপুরে এক জনের ১০ দিনের জেল

দর্শনার ঈশ্বরচন্দ্রপুরে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর অভিযান চালিয়ে ১ বোতল ফেনসিডিলসহ রহিদুলকে (৪০)গ্রেফতার করে। সে দর্শনা পৌরসভার ঈশ্বরচন্দ্রপুর গ্রামের রমজান আলী ওরফে মেমের ছেলে।

আজ সোমবার বিকাল সাড়ে ৩ টার দিকে মাদকদ্রব্য নিয়ন্ত্রন অধিদপ্তর অভিযান চালায় ঈশ্বরচন্দ্রপুর মাঝপাড়ায়।

এ সময় বিজ্ঞ নির্বাহী ম্যাজিস্ট্রেট ও সহকারী কমিশনার ভূমি সজল কুমার দাস মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের পরিদর্শক নাজমুল ইসলাম খান, উপ পরিদর্শক সাহারা ইয়াসমিন ও আকবর হোসেন এর নেতৃত্বে অভিযান চালিয়ে রহিদুলের বসত ঘর থেকে ১ বোতল ফেনসিডিল উদ্ধার করে।

পরে তাকে ভ্রাম্যমান আদালতে বিজ্ঞ নির্বাহী ম্যাজিস্ট্রেট মহোদয় ১০ দিনের বিনাশ্রম কারাদণ্ড ও ১শ টাকা অর্থদণ্ড প্রদান করে জেল হাজতে প্রেরণ করে।

দর্শনায় প্রবীণ জনগোষ্ঠীর জীবনমান উন্নয়ন কর্মসূচি সম্মাননা ও পুরস্কার বিতরণ

দর্শনায় প্রবীণ জনগোষ্ঠীর জীবনমান উন্নয়ন কর্মসূচি সম্মাননা ও বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতার পুরস্কার বিতরণ অনুষ্টান অনুষ্ঠিত হয়েছে।

আজ বুধবার বিকাল ৪ টার দিকে দর্শনা পৌরসভার হলরুমে এ সভা অনুষ্টিত হয়। এ অনুষ্টানে দর্শনা কলেজের সাবেক উপধাক্ষ ও প্রবীণ কমিটির সভাপতি মোশাররফ হোসেনের সভাপতিত্বে ।

এ বার্ষিক পুরস্কার বিতরনে প্রধান অতিথী হিসাবে উপস্থিত ছিলেন দর্শনা পৌরসভার মেয়র আতিয়ার রহমান হাবু,বিশেষ অতিথী হিসাবে উপস্থিত ছিলেন দর্শনা দর্শনা প্রবীণ কমিটির প্রধান উপদেষ্টা ও ড্রাগ অ্যাসোসিয়েশনের সভাপতি মোহাম্মদ জাহিদুল ইসলাম, দর্শনা কেরু অ্যান্ড কোম্পানির সাবেক ডিজিএম খালেকুজ্জামান, ওয়েভ ফাউন্ডেশনের পরিচালনা পরিষদের সদস্য বীর মুক্তিযোদ্ধা মোঃ ফজলুল হক,চুয়াডাঙ্গা চুয়াডাঙ্গা জেলা কমিউনিস্ট পার্টি সভাপতি বীর মুক্তিযোদ্ধা সৈয়দ মজনুর রহমান,ওয়েভ ফাউন্ডেশনের সিনিয়র সমন্বয়কারী কামরুজ্জামান যুদ্ধ।

এ সময় অতিথীরা শ্রেষ্ঠ সন্তান, শ্রেষ্ঠ প্রবীণ ও শ্রেষ্ঠ নারী নির্বাচনে প্রথমে প্রবীণ কমিটির প্রতিটি ওয়ার্ড পর্যায়ে নেতৃবৃন্দ ৩ জন করে ৫৪ জনকে মনোনীত করে। পরে মনোনীত ব্যক্তিদের বাড়ির আশেপাশে সরজমিন খোঁজখবর নিয়ে তদন্ত করেন তারা।পরে প্রবীণ কমিটির ২০ জন সদস্যের মতামতে ভিত্তিতে ৫ জন শ্রেষ্ঠ সন্তান, ৫ জন শ্রেষ্ঠ প্রবীণ ও ১জন শ্রেষ্ঠ নারী নির্বাচিত করা হয়।

নির্বাচিত হলেন শ্রেষ্ঠ সন্তান দৈনিক যুগান্তর দামুড়হুদা প্রতিনিধি ও মাই টিভি চুয়াডাঙ্গা প্রতিনিধি ইকরামুল হক পিপুল,সাংস্কৃতি কর্মী শাহজাহান সাজু, কামাল হোসেন, আফরোজা খাতুন মোস্তাফিজুর রহমান। শ্রেষ্ঠ প্রবীণ সাবেক কেরুজ কর্মকর্তা আমির হোসেন,বীর মুক্তিযোদ্ধা সৈয়দ মজনুর রহমান, মোছাঃ নুরজাহান, হাবিবুল্লা বিশ্বাস, মোহাম্মদ সরোয়ার হোসেন, আব্দুল হান্নান। শ্রেষ্ঠ নারী হিসেবে নির্বাচিত করা হয় সাবেক দর্শনা পৌর মেয়র মরহুম মতিয়ার রহমানের স্ত্রী রোজি রহমান।

অনুষ্টানটি পল্লী কর্ম-সহায়ক ফাউন্ডেশন পিকেএসএফের সহযোগিতায় পৌর প্রবীণ কমিটি ও ওয়েভ ফাউন্ডেশন আয়োজনে অনুষ্টিত হয়। অনুষ্টানটি পরিচালনা করেন দর্শনা প্রেসক্লাবের সাধারন সম্পাদক হানিফ মন্ডল।

দর্শনায় কৃষি উদ্যেক্তা পুরস্কার বিতরণ

চুয়াডাঙ্গা জেলার দামুড়হুদা উপজেলার দর্শনা সেরা কৃষি উদ্যেক্তার পুরস্কার বিতরনী অনুষ্টান অনুষ্ঠিত হয়েছে।

গতকাল শনিবার বিকাল ৪ টার দিকে দর্শনা ওয়েভ ফাউন্ডেশনের উদ্যেগে দর্শনা ট্রেড টেনিং সেন্টারে চত্বরে পুরস্কার বিতরণ অনুষ্ঠানিত হয়।

অনুষ্ঠানে চুয়াডাঙ্গা জেলায় তিনটি ক্যাটাগেরিতে ১০ জন কৃষি উদ্যেক্তাকে নগদ টাকা ও সম্মাননা পুরস্কার হাতে তুলে দেন অতিথী বৃন্দ।

পুরস্কার বিতরনী অনুষ্ঠানে ওয়েভ ফাউন্ডেশনের প্রতিষ্ঠাতা ও নির্বাহি পরিচালক মহাসিন আলির সভাপতিত্বে প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন এক্সিকিউটিভ ভাইস চেয়ারম্যান, মাইক্রোক্রেডিট আরএ মো: ফসিউল্লাহ, চুয়াডাঙ্গা জেলা অতিরিক্ত জেলা প্রশাসক সার্বিক নাজমুল হামিদ রেজা, অবসর প্রাপ্ত যুগ্মসচিব ও উপদেষ্টা এএফএম ফারুক হোসেন, দামুড়হুদা উপজেলা পরিষদের চেয়ারম্যান মোঃ আলী মুনছুর বাবু, দামুড়হুদা উপজেলা নির্বাহি অফিসার রোকসানা মিতা, দর্শনা পৌর মেয়র মোঃ আতিয়ার রহমান হাবু, দামুড়হুদা উপজেলা কৃষি অফিসার মনিরুজ্জামান, মাইক্রোক্রেডিট রেগুলেটরি অথরিটি পরিচালক প্রশাসন ও মানবসম্পদ শাখা মো: নুরে আলম মেহেদী, উপ পরিচালক অনসাইট মো: মিজানুর রহমান, সিনিয়র সহকারী পরিচালক পিএসটু ইভিসি সৈয়দ আশিক ইমতিয়াজ, ওয়েভ ফাউন্ডেশনের উপনির্বহি পরিচালক নাসিফা আলী, পরিচালক আমিরুল ইসলাম প্রমুখ।

অনুষ্ঠানটি সঞ্চালনা করেন ওয়েভ ফাউন্ডেশনের উপ- পরিচালক নাজমা সুলতানা লিপি ও সহকারী পরিচালক কিতাব আলী।।প্রতিষ্ঠাতা ও নির্বাহী পরিচালক, ওয়েভ ফাউন্ডেশন আবু সালেহ মোঃ শহীদ প্রকল্প সমন্বয়কারী, জহির রায়হান উপ-পরিচালক আব্দুস সালাম, সিনিয়র সমন্বয়কারী আব্দুল আলীম সজল, সিনিয়র প্রোগ্রাম অফিসার আনিছুর রহমান, সিনিয়র সমন্বয়কারী আমিরুল ইসলাম পরিচালক, অর্থ ও হিসাব ফারহানা সুলতানা মুক্তা।

দর্শনার নাস্তিপুরে ছাদ থেকে পড়ে বৃদ্ধার মৃত্যু

দামুড়হুদা উপজেলা পারকৃষ্ণপুর মদনা ইউনিয়নের নাস্তিপুর গ্রামে জাহানারা বেগম (৭০) বাড়ির ছাত থেকে পড়ে বৃদ্ধার মৃত্যু হয়েছে। আজ বৃহস্পতিবার ভোর সাড়ে ৪ টার এ ঘটনা ঘটে।

পরিবার সুত্রে জানাযায়, আজ ভোর সাড়ে ৪ টার দিকে উপজেলার নাস্তিপুর পুর্বপাড়ার আব্দুল ওয়াহেদের স্ত্রী জাহানারা বেগম অতিরিক্ত গরমের জন্য প্রতিদিন নিজ বাড়ির ছাদের উপর ঘুমায়, প্রতিদিনের ন্যায় আজও ঘুমিয়ে ছিল নামাজ পড়ার জন্য ভোরে ছাদ হতে নিচে নামার সময় অসাবধানতা বসত পড়ে যায়। সঙ্গে সঙ্গে বাড়ির লোকজন উদ্ধার করে দ্রুত চুয়াডাঙ্গা সদর হাসাপাতালে নিয়ে ভর্তি করে চিকিৎসাধীন অবস্থায় তিনি মৃত্যু বরণ করেন।

এবিষয়ে দর্শনা থানার এসআই তাইফুর জামান বলেন, দর্শনা থানায় একটা অপমৃত্যু মামলা করেছে।

দর্শনায় ৫০ বোতল ফেনসেডিল উদ্ধার

দর্শনায় ৫০ বোতল ভারতীয় ফেনসিডিল উদ্ধার করেছে দর্শনা থানা পুলিশ। এ ঘটনায় মামলা দায়ের করেছে পলাতক হিসাবে শাহাবুদ্দিনের বিরুদ্ধে।

জানাগেছে গত শনিবার দিনগত রাত ২ টার দিকে দর্শনা থানার অফিসার ইনচার্জ ফেরদৌস ওয়াহিদের নেতৃত্বে অভিযান চালায় মদনা গ্রামে।

এ সময় দর্শনা থানার এসআই সোহেল রানা, এএসআই মামুনুর রহমান,

সঙ্গীয় ফোর্সসহ গোপন সংবাদের ভিত্তিতে মাদক বিরোধী অভিযান চালায় মদনা (মাঝপাড়া) গ্রামস্থ জনৈক শাহাবুদ্দীন (৪২) এর পশ্চিম দুয়ারী দো-চালা আধাপাকা টিনশেড গোয়াল ঘরের মধ্যে। পুলিশ গোয়াল ঘরের মধ্যে থেকে পিলাষ্টিকে মোড়ানো ৫০ বোতল ভারতীয় ফেনসিডিল উদ্ধার করে।

এ ঘটনায় পুলিশ পলাতক হিসাবে মদনা গ্রামের মৃত রুহুল আমীনের ছেলে শাহাবুদ্দীনের বিরুদ্ধে মাদক আইনে মামলা দায়ের করেছে।

দর্শনায় বিজিবির অভিযানে ২ মণ রুপার গহনা ও ২০টি স্বর্ণের বারসহ নারী আটক

চুয়াডাঙ্গার দর্শনা সীতান্তে চোরাচালান বিরোধী অভিযান পরিচালনা করেছে চুয়াডাঙ্গা-৬ বিজিবি। এ দুটি চোরাচালান বিরোধী অভিযান পরিচালনা করে ভারতীয় তৈরী ৭৭ কেজি ৭শ গ্রাম রুপার গহনা ও সোয়া ২ কেজি স্বর্ণ সহ শাহানারা নামের এক নারী পাচারকারীকে আটক করেছে। পৃথক আরেক অভিযানে বিজিবির উপস্থিতি টেরপেয়ে রূপার গহনা ফেলে পালিয়েছে এক চোরাকারবরীকে।

আটককৃত নারী চোরাকারবারী শাহানারা দামুড়হুদা উপজেলার পারকৃষ্ণপুর-মদনা ইউনিয়নের নাস্তিপুর গ্রামের মৃত কাশেমের স্ত্রী।

বিজিবি জানায়, আজ বুধবার বিকালে চুয়াডাঙ্গা জেলার দর্শনা থানার অন্তর্গত দর্শনা বিওপির দায়িত্বপূর্ণ এলাকা দিয়ে ভারত হতে বাংলাদেশে বিপুল পরিমান তৈরীকৃত রুপার গহনা পাচার করা হচ্ছে মর্মে প্রাপ্ত বিশেষ তথ্যের ভিত্তিতে চুয়াডাঙ্গা-৬ বিজিবি ব্যাটালিয়নের অধিনায়ক লেঃ কর্নেল সাঈদ মোহাম্মদ জাহিদুর রহমান, পিএসসি সঙ্গীয় টহল দল নিয়ে সীমান্ত মেইন পিলার ৭৬ হতে আনুমানিক ৪ কিঃ মিঃ বাংলাদেশের অভ্যন্তরে দর্শনা থানাধীন মোবারকপাড়া আবাসিক এলাকায় বিশেষ অভিযান পরিচালনা করে। এসময় মোবারকপাড়া আবাসিক

এলাকায় বসবাসকারী মোস্তফা আলীর বসতবাড়িতে অভিযান চালিয়ে

চোরাকারবারী সোহাগ কতৃক ফেলে যাওয়া রুপা ভর্তি ৪টি প্লাষ্টিকের বস্তা পরিত্যক্ত অবস্থায় এবং পার্শ্ববর্তী সোহাগের বসতবাড়ি হতে স্কচটেপ দ্বারা মোড়ানো ১২৬টি খালি প্যাকেট এবং ১টি মোটর সাইকেল উদ্ধার করে। উদ্ধারকৃত ৪টি প্লাষ্টিকের বস্তার মধ্য হতে ৭৭ কেজি ৭০০ গ্রাম ভারতীয় তৈরীকৃত রুপার গহনা উদ্ধার করতে সক্ষম হয়।

এ ব্যাপারে সুবেদার জহির উদ্দিন বাবর বাদী হয়ে দর্শনা মোবারকপাড়ার মৃত বাবু আলীর ছেলে সোহাগ (৩০)কে পলাতক আসামী করে দর্শনা থানায় মামলা দায়ের করা সহ উদ্ধার হওয়া ভারতীয় তৈরীকৃত রুপার গহনাগুলি চুয়াডাঙ্গা ট্রেজারী অফিসে জমা করার কার্যক্রম প্রক্রিয়াধীন রয়েছে।

অপর দিকে চুয়াডাঙ্গা-৬ বিজিবি ব্যাটালিয়ন জেলার দর্শনা থানার অন্তগর্ত বারাদী সীমান্ত দিয়ে বাংলাদেশ হতে ভারতে স্বর্ণ চোরাচালান হচ্ছে মর্মে গোপন সংবাদের ভিত্তিতে চুয়াডাঙ্গা ব্যাটালিয়ন-৬ বিজিবি’র অধিনায়ক লেঃ কর্ণেল সাঈদ মোহাম্মদ জাহিদুর রহমান, পিএসসি এর সার্বিক দিক নির্দেশনায় ব্যাটালিয়নের অধিনস্থ সীমান্তের বারাদী বিওপি কমান্ডার নাঃ সুবেঃ আহসান কবীর, পিবিজিএম সঙ্গীয় ফোর্স নিয়ে সীমান্ত পিলার ৭৯/৬-আর হতে আনুমানিক ১ কিঃ মিঃ বাংলাদেশের অভ্যন্তরে নাস্তিপুর গ্রামের জোড়া কবরস্থান এলাকায় এ্যাম্বুশ করে আনুমানিক দুপুর ১ টার দিকে একটি অটো রিক্সা দর্শনা থেকে নাস্তিপুর সীমান্ত দিকে যেতে দেখলে বিজিবি সশস্ত্র টহল দল অটো রিক্সাটির গতিরোধ করে অটো রিক্সায় অবস্থানকারী ব্যক্তিবর্গের মধ্যে একজন বোরকা পরিহিত মহিলাকে সন্দেহ করে।

সন্দেহ ভাজন ব্যক্তিকে প্রাথমিক জিজ্ঞাসাবাদকালে তার কাছে কোন চোরাচালানী পণ্য নেই মর্মে বিজিবি টহলকে অবহিত করেলে টহল দলের মহিলা সদস্যগণ আটককৃত চোরাকারবারী ৪৮ বছর বয়সী শাহানারা নামের নারীর দেহ তল্লাশি করে বুকের ভিতর অভিনব কায়দায় লুকানো অবস্থায় কসটেপ দিয়ে মোড়ানো ২টি প্যাকেট হতে ২০টি স্বর্ণের বার (২ কেজি ৩৪১ গ্রাম) এবং ১ টি মোবাইল ফোন উদ্ধার করতে সক্ষম হয়।

আটককৃত চোরাকারবরী শাহানারা চুয়াডাঙ্গা জেলার দামুড়হুদা উপজেলার দর্শনা থানাধীন পারকৃষ্ণপুর-মদনা ইউনিয়নের নাস্তিপুর গ্রামের মৃত

কাশেমের স্ত্রী। এ বিষয়ে হাবিলদার ওবাইদুর রহমান দর্শনা থানায় মামলা করে আটককৃত আসামীকে দর্শনা থানায় হস্তান্তর এবং আটককৃত স্বর্ণের বারগুলি চুয়াডাঙ্গা ট্রেজারী অফিসে জমা করণের কার্যক্রম প্রক্রিয়াধীন রয়েছে বলে এক প্রেস বিজ্ঞপ্তির মাধ্যমে সাংবাদিকদের জানায়।

দর্শনা আন্তর্জাতিক রেলওয়ে ষ্টেশনে ভারতীয় ২০টি রেল ইঞ্জিন আনুষ্ঠানিক ভাবে গ্রহন

চুয়াডাঙ্গা সীমান্তের দর্শনা আন্তর্জাতিক রেলওয়ে ষ্টেশনে বাংলাদেশের উপহার ভারতীয় ২০টি রেল ইঞ্জিন আনুষ্ঠানিক ভাবে গ্রহন সম্পূর্ন হয়েছে। এ রেল ইঞ্জিন গ্রহণ উপলক্ষে জাঁকজমক ভাবে সাজানো হয় দর্শনা আন্তর্জাতিক রেলওয়ে স্টেশন। রেল ইঞ্জিন গ্রহণ উপলক্ষে উৎসব মূখর হয়ে ওঠে দর্শনা আন্তর্জাতিক রেলওয়ে স্টেশন চত্বর।

আজ মঙ্গলবার বিকাল ৫টায় মুশলধারায় বৃষ্টির মধ্যে লোকোমোটেড গুলো ভারতের পশ্চিমবঙ্গের গেদে রেলস্টেশন থেকে দর্শনা রেলস্টেশনে এসে পৌঁছায়। হস্তান্তর উপলক্ষে ভার্চ্যুয়ালী অনুষ্টানে দর্শনা রেলওয়ে স্টেশনে উদ্বোধন করেন ভারতের পক্ষে বক্তব্য রাখেন, রেলওয়ে কমিউনিকেশন, ইলেকট্রনিকস ও ইনফরমেশন টেকনোলজি মন্ত্রী শ্রী অশ্বিনী বৈষ্ণব ও বাংলাদেশের পক্ষে বক্তব্য রাখেন রেলওয়ে মন্ত্রী নুরুল ইসলাম সুজন।

এ সময় রেল মন্ত্রী নৃরুল ইসলাম সুজন বলেন, এ সরকারের উন্নয়ন দেখে বিরোধী দল ষড়যন্ত্র করে যাচ্ছে। ২০২৪ সালের মধ্যে বাংলাদেশে কোন রকম রেলওয়েতে কোন ভোগান্তি থাকবে না। তিনি আরও বলেন ভারত-বাংলাদেশ এ উপহার দেওয়ায় ইতিহাসের পাতায় লেখা থাকবে এবং বাংলাদেশ মনে রাখবে। ২০টি রেলের ইঞ্জিন উপহার দেওয়ায় বাংলাদেশ – ভারতের মধ্যে সু সুম্পর্ক আরও গাড় হলো। এবং বাংলাদেশ আরেকধাপ উন্নয়নের

দিকে পা বাড়ালো।

এ সময় ভারতের দিল্লীতে উপস্থিত ছিলেন ভারতে অবস্থানরত বাংলাদেশের রাস্ট্রদুত নুরুল ইসলাম, ঢাকা রেলভবনে উপস্থিত ছিলেন বাংলাদেশে রেলওয়ে সচিব ড.হুমায়ুন কবির। বাংলাদেশ-ভারতের বন্ধুত্বের অংশীদারের স্বাক্ষর হিসেবে ভারত সরকার বাংলাদেশ রেলওয়ে উন্নয়নের জন্য ২০ টি রেল ইঞ্জিন উপহার দেয়।

উপহার স্বরূপ ভারত সরকারের দেওয়া ২০ টি ডিজেল চালিত ট্রেন ইঞ্জিন দর্শনা আন্তর্জাতিক রেলওয়ে স্টেশন হতে গ্রহণ করা হয়। এ ইঞ্জিন গ্রহণকালে ভারত থেকে আগত অতিথিদের ফুলেল শুভেচ্ছা জানানো হয়।

দর্শনা আন্তজার্তিক রেলওয়ে ষ্টেশনের ব্যবস্থাপক জানান, ভারতের দেওয়া উপহার স্বরূপ ২০টি রেলের ডিজেল চালিত ইঞ্জিন দর্শনা আন্তর্জাতিক রেলওয়ে স্টেশন হতে আনুষ্টানিক ভাবে গ্রহণ করা হয়। এ গ্রহণ অনুষ্টানে উপস্থিত ছিলেন, রেলওয়ে বোর্ড ইন্ডিয়ার ট্রাফিক ইন্সপেক্টর অশোক কুমার বিশ্বাস, দর্শনা রেলওয়ে ষ্টেশনে ঈশ্বরর্দী লকোমোটিভ বিভাগের সিনিয়র সাব অ্যাসিষ্টেন্ট ইঞ্জিনিয়ার সরেক জামাল এর কাছে বুঝিয়ে দেন। বাংলাদেশ রেলওয়ে ও রেলওয়ে বোর্ড ইন্ডিয়ার উদ্ধর্তন কর্মকর্তারা উপস্থিত ছিলেন। ইশ্বরর্দী থেকে পরীক্ষা নিরিক্ষা শেষে ইঞ্জিন গুলো পন্য পরিবহনে ব্যবহার করা হবে।

এ আনুষ্টানিক রেল ইঞ্জিন গ্রহন অনুষ্ঠানে উপস্থিত ছিলেন, চুয়াডাঙ্গা জেলা পরিষদের চেয়ারম্যান মাহফুজুর রহমান মঞ্জু, অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক) চুয়াডাঙ্গা মোঃ নাজমুল হামিদ রেজা, দামুড়দা উপজেলা চেয়ারম্যান আলী মনসুর বাবু,দর্শনা পৌর মেয়র আতিয়ার রহমান হাবু, চুয়াডাঙ্গা অতিরিক্ত পুলিশ সুপার আবু তারেক,রেলওয়ে নিরাপত্তা বাহিনী (পাকশী) চিপ কমান্ডেন্ট আশরাফুল ইসলাম,কমান্ডের মোর্শেদ আলম, রেলওয়ে পশ্চিম জোনের চিপ অফ প্রধান যন্ত্র প্রকৌশলী কুদরত ই- খুদা, চিপ অপরেটিং সুপারেনটেনডেন্ট আহসানুল্লাহ ভূঁইয়া, চিপ কমার্শিয়াল ম্যানেজার সুজিত কুমার বিশ্বাস, প্রধান প্রকৌশলী আসাদুল হক, চিপ সিগন্যাল টেলিকমিউনিকেসন মিজানুর রহমান,চিপ কমান্ডেন্ট আসাবুল ইসলাম, প্রধান নির্বাহী রফিকুল ইসলাম, পরিচালক লোকো তসলিম আহমেদ, বিভাগীয় রেলের ব্যবস্থাপক খান শাহ সুফি নুর মোহাম্মদ, দর্শনা থানার অফিসার ইনচার্জ ওসি ফেরদৌস ওয়াহিদ প্রমুখ।

দর্শনায় ১হাজার পিস ইয়াবা ট্যাবলেটসহ একজন গ্রেফতার

দর্শনা থানা পুলিশ অভিযান চালিয়ে দর্শনা রেল বাজার এলাকা থেকে ১ হাজার পিস ইয়াবা ট্যাবলেটসহ মারুফ হোসেন খন্দকার (৩৯) কে গ্রেফতার করেছে। সে কুমিল্লা জেলার কুমিল্লা সদর থানার লালবাগ খন্দকার গ্রামের মঈন উদ্দিন খন্দকারের ছেলে।

জানাগেছে গতকাল সোমবার রাত ৮ টার দিকে দর্শনা থানার অফিসার ইনচার্জ ফেরদৌস ওয়াহিদের নেতৃত্বে অভিযান চালায় দর্শনা রেল বাজারের ইসলামী পন্য এন্ড ভ্যারাইটিজ স্টোরের সামনে।

এ সময় দর্শনা থানার এস আই আহম্মেদ আলী বিশ্বাস, এসআই শামিম রেজা, এএসআই সানোয়ার হোসেন, এএসআই মারুফুল ইসলাম এএসআই মাসুম বিল্যাহ্, এএসআই বশির উদ্দীন, এএসআই শেখ আবু হানিফ সঙ্গীয় ফোর্সসহ মাদক বিরোধী অভিযান চালিয়ে

রিফাজ উদ্দীন এর দোকানের সামনে থেকে মারুফ হোসেন খন্দকারকে গ্রেফতার করে। পরে তার দেহ তল্লাশি করে কাগজে মোড়ানো প্যাকেটে ১ হাজার পিস ইয়াবা ট্যাবলেট উদ্ধার করে।

গতকালই এস আই আহম্মেদ বিশ্বাস বাদি হয়ে মাদকদ্রব্য আইনে মামলাসহ চুয়াডাঙ্গা কোর্ট হাজতে প্রেরন করেছে।

দর্শনায় ফেনসিডিলসহ মহিলা মাদক ব্যবসায়ী গ্রেফতার

দর্শনা থানা পুলিশ ৫০ বোতল ভারতীয় ফেনসিডিলসহ এক মহিলা মাদক ব্যবসায়ী সেলিনা খাতুন (৪৫) কে গ্রেফতার করেছে । সে দর্শনা

পৌরসভার আজমপুর মাঠ পাড়ার স্বামী মুজিবর রহমান ও খলিলুর রহমানের মেয়ে।

জানাগেছে রবিবার (২১ মে ) দুপুর ১ টার দিকে দর্শনা থানার অফিসার ইনচার্জ ফেরদৌস ওয়াহিদের নেতৃত্বে, অভিযান চালায় দর্শনা হল্ট ষ্টেশন টাওয়ার পাড়ায়।

এ সময় দর্শনা থানার এস আই সোহেল রানা, দর্শনা থানার এসআই স্বপন কুমার সরকার, এএসআই বশির আহম্মেদ, এএসআই মাসুম বিল্যাহ্, নারী এএসআই মোছাঃ রওশন আরা,অভিযান চালায় টাওয়ারপাড়ার মুনাজাতের ছেলে আব্দুস ছাত্তারের দোকানের পিছনে। এ সময় পুলিশ মহিলা মাদক ব্যাবসায়ী সেলিনা কে গ্রেফতার করে।পরে তার কাছে থাকা কাপড়ের ব্যাগ তল্লাশি করে ৫০ বোতল ভারতীয় ফেনসিডিল উদ্ধার করে।

এ ঘটনায় দর্শনা থানার এস আই সোহেল রানা বাদি হয়ে মাদক আইনে মামলাসহ কোট হাজতে প্রেরন করে।

দর্শনার ধীরু বাউল সহ ১০ জনকে সম্মাননা

অপ সংস্কৃতি রুখতে ও গ্রামবাংলার ঐতিহ্যবাহী লোকজ অনুষ্ঠান বেশী বেশী প্রচার ও প্রসার করতে গত বুধ ও বৃহস্পতিবার দুদিন ব্যাপি ঢাকা জাতীয় প্রেসক্লাবে সম্মেলন অনুষ্ঠিত হয়েছে।

প্রয়াত সাংবাদিক জহুর হোসেন চৌধুরী অডিটোরিয়ামে দুই বাংলার (ভারত-বাংলাদেশ) কবি সাহিত্যিক ও শিল্পীদের নিয়ে মিলন মেলা ও সম্মেলন অনুষ্টিত হয়।

বাংলাদেশ টেলিভিশনের লোকসংগীত শিল্পী ও চুয়াডাঙ্গার কৃতি সন্তান ধীরু বাউল ও কলকাতার শিল্পী ড.শিবানি দাসের কন্ঠে লালন সাঁইজির বিখ্যাত বাণী”” মিলন হবে কতদিনে” গানের মধ্যে দিয়ে শুভ সুচনা করা হয়।

কলকাতা বিশ্ববংগ সাহিত্য ও সংস্কৃতি সংগঠনের সভাপতি ড. রাধাকান্ত